

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা শাখা)
www.comilla.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.১৯০০.০০০.০৩৪.৩৪.০০০১.২০২৬- ৩৪৬

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

বিষয় : জেলা মনিটরিং কমিটি গঠন।

সূত্র : বাণিজ্য মন্ত্রণালয়, আভ্যন্তরীণ বাণিজ্য-৩ এর স্মারক নং: ২৬.০০.০০০০.০০০.১১৩.০৫.০০০১.২২.৩৩৫
তারিখ: ২৩/০৯/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রমকে অধিকতর স্বচ্ছ, কার্যকর, জবাবদিহিতামূলক ও সময়োপযোগী করার লক্ষ্যে সমগ্র বাংলাদেশে টিসিবি'র উপকারভোগী নির্বাচন এবং ভর্তুকি/সাশ্রয়ী মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা-২০২৬ মোতাবেক জেলা পর্যায়ে জেলা মনিটরিং কমিটি নিম্নরূপে গঠন করা হলো:

কুমিল্লা জেলা মনিটরিং কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রম	নাম	পদবী
১.	জেলার সকল সংসদ সদস্য	উপদেষ্টা
২.	জেলা প্রশাসক, কুমিল্লা	সভাপতি
৩.	পুলিশ সুপার, কুমিল্লা	সদস্য
৪.	চেয়ারম্যান/প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), কুমিল্লা	সদস্য
৫.	মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল), কুমিল্লা	সদস্য
৬.	উপজেলা নির্বাহী অফিসার, (সকল), কুমিল্লা	সদস্য
৭.	জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা	সদস্য
৮.	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা	সদস্য
৯.	প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা	সদস্য
১০.	উপ-পরিচালক জেলা সমাজসেবা অফিস, কুমিল্লা	সদস্য
১১.	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা	সদস্য
১২.	উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক অফিস, কুমিল্লা	সদস্য
১৩.	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুমিল্লা	সদস্য
১৪.	অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক অফিস, কুমিল্লা	সদস্য
১৫.	জনাব সৈয়দ জাহাঙ্গীর, সভাপতি, কুমিল্লা জেলা ব্যবসায়ী মালিক সমিতি, কুমিল্লা	সদস্য
১৬.	বীর মুক্তিযোদ্ধা মাহবুব চৌধুরী, ঠাকুরপাড়া, কুমিল্লা	সদস্য
১৭.	জেসমিন চৌধুরী স্বপ্না, বারপাড়া কৃষ্ণপুর, পো: চাপাপুর, সদর, কুমিল্লা	সদস্য
১৮.	সহকারী কমিশনার (আইসিটি)	সদস্য
১৯.	অতিরিক্ত জেলা প্রশাসক, উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা, কুমিল্লা	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (ক) সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, নির্বাচিত জনপ্রতিনিধি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বর, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত প্রয়োজনীয় টিম গঠন ও সমন্বয়;
- (খ) টিসিবি'র উপকারভোগীর মানদণ্ড মোতাবেক প্রতিটি জেলা/উপজেলা/ইউনিয়নের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবার বাছাই করে উক্ত পরিবারসমূহের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে ডাটাবেজ তৈরির ব্যবস্থা নেয়া;
- (গ) প্রতিটি জেলা/উপজেলা/ইউনিয়নের ওয়ার্ডভিত্তিক নির্ধারিত সংখ্যক উপকারভোগী পরিবারের ডাটাবেজ টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে সঠিকভাবে এন্ট্রি কার্যক্রম তদারকি এবং উপকারভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদন প্রদান করা;
- (ঘ) টিসিবি কর্তৃক সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ইউনিয়নের কার্ড প্রেরণের পর তা সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বিতরণ এবং টিসিবি'র সেবা অ্যাপসের মাধ্যমে এক্টিভেশন নিশ্চিত করা ;
- (ঙ) টিসিবি'র কার্ডধারী উপকারভোগীগণকে প্রয়োজনীয় তথ্য সরবরাহপূর্বক পণ্য প্রাপ্তিতে সহযোগিতাকরণ;
- (চ) প্রতিটি ডিলারের মুদি দোকানের সামনে/বিক্রয় পয়েন্টে টিসিবি'র ডিলার সংক্রান্ত সাইনবোর্ড টাঙানো এবং পণ্যসমূহের ভোজ্য মূল্য তালিকা সম্বলিত ব্যানার থাকা নিশ্চিতকরণ;
- (ছ) পণ্য বিক্রয় কার্যক্রম তদারকি করতে টিসিবি'র ডিলারের সংশ্লিষ্ট দোকান/প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয় পয়েন্ট/ট্রাকসেল কার্যক্রম পরিদর্শন;
- (জ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন;
- (ঝ) কমিটি মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

বিতরণ:

.....
.....
(কমিটির সদস্যবৃন্দ)



রোজী আকতার
জেলা প্রশাসক
কুমিল্লা

ফোন: ০২৩৩৪৪০০০৩০১
dccomilla@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.১৯০০.০০০.০৩৪.৩৪.০০০১.২০২৬- ১৪৩/১৬)

তারিখ:

২৯ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ২। সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৪ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, কুমিল্লা।


জেলা প্রশাসক
কুমিল্লা